

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৭৬

খোয়াই, ১২ নভেম্বর, ২০২৪

পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ  
খোয়াই জেলায় কর্মশালা

খোয়াই টাউনহলে গতকাল পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ কর্মসূচিতে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। খোয়াই জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন বিদ্যালয় শিক্ষা অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা। কর্মশালায় বিদ্যালয় শিক্ষা অধিকর্তা জানান, পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ কর্মসূচি বাস্তবায়িত করতে রাজ্যের সবকটি জেলায় কর্মশালার আয়োজন করা হচ্ছে। বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের সঠিকভাবে গুণগত শিক্ষা দেওয়া হচ্ছে কিনা তা পর্যালোচনা করতেই পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ কর্মসূচি চালু হয়েছে। এই কর্মসূচিতে তৃতীয় শ্রেণী, ষষ্ঠ শ্রেণী ও নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মূল্যায়ন পর্বের আগাম প্রস্তুতি গ্রহণ করা হবে। এই কর্মসূচি সফল করতে বিদ্যালয় শিক্ষা অধিকর্তা শিক্ষক শিক্ষিকাদের প্রতি আহ্বান জানান। কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন এলিমেন্টারি এডুকেশনের যুগ্ম অধিকর্তা হর্ষিতা বিশ্বাস, শিক্ষা দপ্তরের ওএসডি দুলাল দেবনাথ, ওএসডি পরজিৎ সরকার, জেলা শিক্ষা কার্যালয়ের ওএসডি ঋষিকেশ দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। কর্মশালায় খোয়াই জেলার ৩৪টি বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রছাত্রী, ৩০টি বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্রছাত্রী ও ২৯টি বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রছাত্রী এবং শিক্ষক শিক্ষিকাগণ অংশ নেন। কর্মশালায় পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ কর্মসূচির বিস্তারিত তথ্য তুলে ধরা হয়।

\*\*\*\*\*